

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ২১, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ৫ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ/১৯ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং-২০০-আইন/২০১৬।—Petroleum Act, 1934 (Act No. XXX of 1934) এর sections 4 এবং 29(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার কার্বাইড বিধিমালা, ২০০৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধনের প্রস্তাব করিয়া উক্ত Act এর section 29(2) এর বিধান মোতাবেক এতদ্বারা উহা প্রাক-প্রকাশ করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) দ্বিতীয়বার উল্লিখিত বিধি ৮, বিধি ৯ হিসাবে পুনঃসংখ্যায়িত হইবে, এবং উক্তরূপে পুনঃসংখ্যায়িত বিধি ৯ এর উপ-বিধি (৩) বিলুপ্ত হইবে;

(খ) বিধি ১০ এর উপ-বিধি (২) এর পর নিম্নরূপ উপ-বিধি (৩) সংযোজিত হইবে, যথা:—

“(৩) বিধি ২৯(১) এর বিধান সাপেক্ষে, কোন অ্যাসিটিলিন গ্যাস উৎপাদন বা অন্য কোন শিল্পে ব্যবহার ব্যতিরেকে কোন ধরনের ফল পাকানোসহ অন্য কোন উদ্দেশ্যে ক্যালসিয়াম কার্বাইড বিক্রয় করা যাইবে না।”;

(গ) বিধি ২৪ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২৪ প্রতিস্থাপিত হইবে, যথা :—

(১০৬৩৭)

মূল্য : টাকা ৪.০০

- “২৪। কার্বাইড পরিবহন।—এই বিধিমালার অধীনে লাইসেন্সকৃত মজুদাগারে মজুদের উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে মজুদের লাইসেন্সধারী বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা অন্য কোন ব্যক্তি ক্যালসিয়াম কার্বাইড পরিবহন করিতে পারিবেন না।”;
- (ঘ) বিধি ২৫ বিলুপ্ত হইবে;
- (ঙ) বিধি ২৭ এ উল্লিখিত “শর্ত অনুসরণ সাপেক্ষে” শব্দগুলির পর“, প্রত্যেক লাইসেন্সধারী কর্তৃক” কমা ও শব্দগুলি সন্নিবেশিত হইবে;
- (চ) বিধি ২৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২৮ প্রতিস্থাপিত হইবে, যথা:—
- “২৮। জলযানে কার্বাইড পরিবহন।—জলযানে কার্বাইড পরিবহনের ক্ষেত্রে প্রত্যেক লাইসেন্সধারীকে এই বিধিমালার বিধান এবং সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত নির্দেশনা অনুসরণ করিতে হইবে।”;
- (ছ) বিধি ২৯ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) ও (১ক) প্রতিস্থাপিত হইবে, যথা:—
- “(১) উপ-বিধি (১ক) এর বিধান সাপেক্ষে, কোন ব্যক্তি এই বিধিমালার অধীনে প্রদত্ত লাইসেন্স ব্যতিরিকে কার্বাইড মজুদ করিতে পারিবেন না।
- (১ক) কোন গবেষণা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় বা অনুরূপ কোন প্রতিষ্ঠানে, গবেষণা বা শিক্ষা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রধান পরিদর্শক এর পূর্বানুমতি গ্রহণপূর্বক নিম্নবর্ণিত শর্তে সর্বোচ্চ ৪ (চার) কিলোগ্রাম পর্যন্ত কার্বাইড মজুদ করা যাইবে, যথা :—
- (ক) বিধি ৩ এ নির্ধারিত ধারণ পাত্রের প্রতিটিতে পাঁচশত (৫০০) গ্রাম এর অধিক কার্বাইড মজুদ করা যাইবে না;
- (খ) কার্বাইড মজুদাগার শুষ্ক হইতে হইবে এবং উহাতে বায়ু চলাচলের পর্যাপ্ত ব্যবস্থা থাকিতে হইবে;
- (গ) কার্বাইড মজুদাগারে যাহাতে অননুমোদিত ব্যক্তি প্রবেশ করিতে না পারে সেই লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;
- (ঘ) কার্বাইড মজুদাগার সম্পর্কে জেলা কর্তৃপক্ষ, প্রধান পরিদর্শক এবং বিস্ফোরক পরিদর্শককে লিখিতভাবে অবহিত করিতে হইবে।”;
- (জ) বিধি ৫৮ এর উপ-বিধি (১) এর “কোন ব্যক্তির নিরাপত্তার জন্য হুমকি স্বরূপ” শব্দগুলির পরিবর্তে “কোন ব্যক্তির নিরাপত্তা ও নিরাপদ খাদ্যের জন্য হুমকি স্বরূপ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(বা) তফসিল-২ এর—

(ক) 'খ' ফরম এর লাইসেন্সের শর্তাবলীর ৯ নং শর্ত বিলুপ্ত হইবে;

(খ) 'গ' ফরম এর লাইসেন্সের শর্তাবলীর ৯ নং শর্ত বিলুপ্ত হইবে;

(গ) 'ঘ' ফরম এর লাইসেন্সের শর্তাবলীর ৯ নং শর্ত বিলুপ্ত হইবে।

২। উপরি-উক্ত সংশোধনী প্রস্তাব সম্পর্কে কাহারো কোন আপত্তি বা পরামর্শ থাকিলে সংশ্লিষ্ট ব্যক্তিকে উহা, এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছাইবার জন্য অনুরোধ করা যাইতেছে, এবং উক্ত সময়ের মধ্যে সংশোধনী প্রস্তাব সম্পর্কে কোন আপত্তি বা পরামর্শ পাওয়া গেলে সরকার উহা বিবেচনাক্রমে প্রস্তাবিত সংশোধনী চূড়ান্ত করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দা নওয়ারা জাহান

উপ-সচিব।